

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 06-02-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

Pariksha Pe Charcha :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকালে ‘পরীক্ষা পে চর্চা’-র নবম সংস্করণে সারা দেশের পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের সঙ্গে মতবিনিময় করবেন। এই বার্ষিক অনুষ্ঠানটি সকাল ১০টায় একাধিক প্ল্যাটফর্মে সম্প্রচার করা হবে।

পরীক্ষার সময় শিক্ষার্থীদের চাপমুক্ত থাকতে সাহায্য করা এবং পড়াশোনার প্রতি আরও বেশি মনোযোগ বাড়ানোর ওপর গুরুত্ব দেবে এই কর্মসূচি

আকাশবাণীর প্রতিবেদক জানিয়েছেন, ‘পরীক্ষা পে চর্চা’ এখন একটি দেশব্যাপী জন আন্দোলনে পরিণত হয়েছে। মাইগভ (MyGov) পোর্টালের মাধ্যমে সাড়ে চার কোটিরও বেশি শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবক এতে অংশগ্রহণের জন্য নিবন্ধন করেছেন। এটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ইউটিউব চ্যানেল, দূরদর্শন এবং শিক্ষা মন্ত্রকের সামাজিক মাধ্যম প্ল্যাটফর্মগুলিতে সম্প্রচার করা হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের লেখা "পরীক্ষা পে চর্চা" শীর্ষক একটি প্রবন্ধ শেয়ার করেছেন।

রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, প্রধানমন্ত্রীর ‘পরীক্ষা পে চর্চা’-র নবম সংস্করণে অংশ নিতে আজ সকালে আগরতলার বড়দোয়ালি উচ্চ মাধ্যমিক স্কুলের ছাত্রছাত্রীদের সঙ্গে মিলিত হবেন।

CM- Saras Fair :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে স্ব-সহায়ক দলের মহিলাদের দক্ষতা বৃদ্ধির প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। গতকাল বিশ্রামগঞ্জ মিনি স্টেডিয়ামে তিনদিনব্যাপী তৃতীয় সিপাহীজলা জেলাভিত্তিক সরস মেলার উদ্বোধন করেন। তিনি বলেন, বর্তমানে সারা দেশে ত্রিপুরার স্ব-সহায়ক দলের মহিলাদের উৎপাদিত পণ্য সামগ্রীর চাহিদা বাড়ছে। এদিকে, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল উদয়পুরের কে.বি.আই ময়দানে তৃতীয় গোমতি জেলাভিত্তিক সরস মেলা উদ্বোধন করেন। এই মেলা চলবে আগামী ৯ই ফেব্রুয়ারী পর্যন্ত।

Mukhyamantri Samipeshu :

মুখ্যমন্ত্রীর সরকারী বাসভবনে গতকাল মুখ্যমন্ত্রী সমীপেষুর ৬২তম পর্ব অনুষ্ঠিত হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের বিভিন্ন প্রান্তের নাগরিকদের সমস্যার কথা শোনেন এবং সেগুলি সমাধানের জন্য সংশ্লিষ্ট অধিকারিকদের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের জনগণের কাছে তাদের সমস্যাগুলি সরাসরি মুখ্যমন্ত্রীর কাছে জানানোর জন্য এই উদ্যোগটি একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হয়ে উঠেছে।

মুখ্যমন্ত্রী বলেছেন, রাজ্য সরকার তাঁর সাধ্যমত সাহায্য করে রাজ্যের মানুষের মুখে হাঁসি ফুটিয়ে তুলতে চায়। রাজ্যের আর্থিকভাবে দুর্বল অংশের মানুষের বিশেষ প্রয়োজন ছাড়া চিকিৎসার জন্য বাইরের রাজ্যে গিয়ে অযথা অর্থ ব্যয় না করার পরামর্শ দেন তিনি। তিনি বলেন, রাজ্যেই এখন অনেক ক্ষেত্রে উন্নত চিকিৎসা পরিষেবা দেওয়া সম্ভব হচ্ছে। কোনও কোনও ক্ষেত্রে টেলিমেডিসিন পরিষেবারও সহায়তা নেওয়া যেতে পারে বলে মুখ্যমন্ত্রী বলেন।

Indian Rail way Holli Spl:

ভারতীয় রেলওয়ে এই বছর রেকর্ড সংখ্যক হোলি স্পেশাল ট্রেন চালানোর ঘোষণা দিয়েছে। উৎসবের সময়ে যাত্রীদের দ্রুত ও ঝামেলামুক্ত যাত্রা নিশ্চিত করার জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রেল মন্ত্রণালয় জানিয়েছে যে যাত্রী চাহিদার বাড়তি চাপ মেটানোর জন্য, দেশের বিভিন্ন স্থানে ১হাজার, ৪১০টিরও বেশি হোলি স্পেশাল ট্রেন চালানো হবে, যা পরে ১,৫০০ টি পরিষেবায় বৃদ্ধি করা হতে পারে। এই বিশেষ ট্রেনগুলি প্রধানত মার্চ মাসে চলাচল করবে যাতে প্রধান গন্তব্যগুলির মধ্যে সংযোগ বৃদ্ধি পায়।

Saras Fair- South:

ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের দক্ষিণ জেলা মিশনের ম্যানেজমেন্ট ইউনিটের উদ্যোগে গতকাল বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে চারদিন ব্যাপী দক্ষিণ জেলাভিত্তিক সরস মেলার সূচনা করেন সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত প্রমুখ। মেলায় ২৭টি স্বনির্ভর গোষ্ঠীর স্টল ও ৩টি সরকারি দপ্তরের স্টল খোলা হয়েছে।

Sakhi Nivas Inaugurated- Belonia:

সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল বিলোনিয়া শহরে কর্মজীবী মহিলাদের জন্য অস্থায়ী সখী নিবাসের উদ্বোধন করেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের

যুগ্ম অধিকর্তা হৈমন্তী রায় বর্মণ, বিলোনিয়ার মহকুমা শাসক দেবানীষ দাস
প্রমুখ।

Governor :

ভারতীয় বিমান বাহিনীর ২০১৬ ব্যাচের স্কোয়াড্রন লিডার প্রসাদ প্রকাশ পট্টবর্ধন
গতকাল রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর এইড-ডি ক্যাম্প এডিসি হিসেবে
দায়িত্বভার গ্রহণ করেছেন। মহারাষ্ট্রের বাসিন্দা পট্টবর্ধন মেজর অর্জুন মালিকের
স্বলাভিষিক্ত হয়েছেন। লোকভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

Food Minister :

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন আগামীকাল জিরানীয়া মহকুমার
কৃষকদের কাছ থেকে সরাসরি সহায়ক মূল্যে ধান ক্রয় করা হবে।

গত ২৮শে জানুয়ারী ধর্মণগরে এক অনুষ্ঠানে কৃষকদের কাছ থেকে ন্যূনতম
সহায়তা মূল্যে খারিফ মরশুমের ধান কেনা শুরু হয়। ১৮ হাজার মেট্রিক টন ধান
কেনার লক্ষ্যমাত্রা রয়েছে রাজ্য সরকারের। প্রতি কেজি ২৩ টাকা ৬৯ পয়সা
দরে ধান কিনেছে রাজ্য সরকার।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত
পরিষ্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি।
আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১.৪ ডিগ্রি সেলসিয়াস। যা
ছিল স্বাভাবিকের চাইতে ১.৪ ডিগ্রি কম।
